

RBI/2015-16/424

DBR.CID.BC.No.104/20.16.56/2015-16

জুন 16, 2016

সকল তফশীলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক(আরআরবি সহ)
সকল নন-ব্যাঙ্কিং আর্থিক কম্পানি(এনবিএফসি)
সকল প্রাইমারি(শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক,
রাজ্য/ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক
সকল ক্রেডিট ইনফরমেশন কম্পানি
মাননীয় মহাশয়/ মহাশয়া

স্বনির্ভর গোষ্ঠী গুলির (সেলফ হেল্প গ্রুপস) সদস্যদের আস্থা জ্ঞাপক তথ্য (ক্রেডিট ইনফরমেশন) প্রদান

অনুগ্রহ করে আমাদের জানুয়ারি 14, 2016 তারিখাঙ্কিত circular DBR.CID.BC.No.73/20.16.56/2015-16-এর অনুচ্ছেদ 6-এর অন্তর্গত নির্দেশবিধি দেখুন যেখানে বলা হয়েছে উপযুক্ত ব্যবস্থা এবং পদ্ধতি স্থাপন করতে যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে তাদের সিস্টেমস সফটওয়্যারে প্রয়োজনীয় পরিবর্তন সাধন যাতে এসএইচজি সদস্যদের কাছ থেকে দরকারি তথ্য সংগ্রহ এবং প্রয়োজনীয় তথ্যাদি ক্রেডিট ইনফরমেশন কম্পানিসমূহকে(সিআইসি) জানানো শুরু করা যায়।

2. এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে এসএইচজি মেম্বার স্তরের ডেটা আমাদের দ্রষ্টব্য জুন 27, 2014 তারিখাঙ্কিত circular DBOD.No.CID.BC.127/20.16.056/2013-14 –তে প্রদত্ত উপস্থিত ক্ষুদ্রঋণ সম্পর্কিত ডেটা আদানপ্রদানের (মাইক্রোফিন্যান্স ডেটা শেয়ারিং) ফাইল ফর্মাতে অন্তর্ভুক্ত করা যাবো। ক্ষুদ্রঋণ সম্পর্কিত ডেটা আদানপ্রদানের ফাইল ফর্মার নির্ধারিত স্থানে জানুয়ারি 14, 2016 তারিখাঙ্কিত circular DBR.CID.BC.No.73/20.16.56/2015-16-এর টেবিল 3 অনুসারে জারিকৃত পৃথক পৃথক এসএইচজি সদস্য স্তরীয় ডেটা যা প্রযোজ্য হবে তার একটি প্রতিফলন [অ্যানেক্স I-এ সংযোজিত হল।](#)

3. ক্ষুদ্রঋণ সম্পর্কিত ডেটা আদানপ্রদানের ফাইল ফর্মার পরিবর্তিত চিত্র যা [Annex II](#)-তে প্রদত্ত আছে জুলাই 1, 2016 –তে চারটি সিআইসি-তে জমা করতে হবে।

আপনাদিগের বিশ্বস্ত,

(রাজিন্দর কুমার)

মুখ্য মহা প্রবন্ধক

সংযোজিতঃ যথা উল্লেখিত